

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং-স্থাসবি/জেপশা/সাধা-২/২০০৬/২২৭০

তারিখঃ ০২-০৫-২০১১ খ্রিস্টাব্দ  
-০২-১৪১৮ বঙ্গাব্দ।

বিষয় : জেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত দারোয়ান-কাম-কেয়ারটেকারগণের দৈনিক মজুরী হার পুনঃ নির্ধারণ।

সূত্র : ০১। অর্থ বিভাগের স্মারক নং ০৭.১২৯.০০০.৪৬.০০.০০৪.২০১১.২৮, তারিখঃ ০২/০৫/১১ খ্রিঃ।

০২। স্থায়ী সরকার বিভাগের জেলা পরিষদ শাখার স্মারক নং-স্থাসবি/জেপশা/বাজেট-৩/২০০৭/৮০২০, তারিখঃ ০৮/০৯/২০০৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার জেলা পরিষদে সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত দারোয়ান-কাম-কেয়ারটেকারগণের দৈনিক মজুরীর হার ১২০/- (একশত বিশ) টাকা হতে ১৮০/- (একশত আশি) টাকায় উন্নীত করতে সম্মত হয়েছেন।

০২। এ আদেশ ০১-০৬-২০১১ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে। জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে এ ব্যয় নির্বাহ করতে হবে। এতে স্থানীয় সরকার বিভাগের কোন দায়-দায়িত্ব বা সরকারি অর্থের কোন সংশ্লেষ থাকবে না।

০৩। উল্লেখ্য, এ বিষয়ে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ..... (সকল)।

স্মারক নং-স্থাসবি/জেপশা/সাধা-২/২০০৬/২২৭০

তারিখঃ ০২-০৫-২০১১ খ্রিস্টাব্দ  
-০২-১৪১৮ বঙ্গাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

০১। কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।

০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২/০৬/২০১১  
(জুবাইদা নাসরীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৯২৭৪  
Email-lgzp@lgd.gov.bd